

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ৮৬৮৮
ধর্মনগর, ২৫, জানুয়ারি, ২০২৪

উত্তর ত্রিপুরা জেলাভিত্তিক জনজাতি লোকনৃত্য প্রতিযোগিতা

উত্তর ত্রিপুরা জেলাভিত্তিক জনজাতি লোকনৃত্য প্রতিযোগিতা সম্প্রতি বিবেকানন্দ সার্ধ শতবার্ষিকী ভবনে অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতার উদ্বোধন করেন বিধানসভার অধ্যক্ষ বিশ্ববন্ধু সেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সভাপতি ভবতোষ দাস, উত্তর ত্রিপুরা জেলার জেলাশাসক ও সমাহৃতা দেবপ্রিয় বর্ধন, ধর্মনগর পুর পরিষদের চেয়ারপার্সন প্রদ্যোৎ দে সরকার, ধর্মনগর মহকুমার ভারপ্রাপ্ত মহকুমা শাসক সঞ্জীব দেবনাথ, জেলা কল্যাণ আধিকারিক হেমন্ত দেববর্মা প্রমুখ। অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে বিধানসভার অধ্যক্ষ বিশ্ববন্ধু সেন বলেন, জনজাতিদের কৃষ্টি ও সংস্কৃতির বিকাশে রাজ্য সরকার অগ্রাধিকার দিয়েছে। আমাদের রাজ্যের জনজাতি সম্প্রদায়ের নৃত্য দেশ বিদেশে উচ্চ প্রশংসিত হয়েছে। প্রতিযোগিতায় জেলার ধর্মনগর, পানিসাগর ও কাঞ্চনপুর মহকুমার ৩টি জনজাতি লোকনৃত্য দল অংশগ্রহণ করে। কাঞ্চনপুরের হজাগিরি নৃত্য দল প্রতিযোগিতায় প্রথম স্থান অর্জন করেছে।
